# ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:

**রেজি: নং-২৩০ তারিখ: ২৩-০৪-২০০৫খ্রি.**

**সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০।**

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫

এতদ্দ্বারা বাংলাদেশ ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: এর সকল সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ০৪-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৭-০৪-২০২৫ খ্রি. তারিখ রোজঃ সোমবার সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:, **সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০** এ অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

উক্ত ব্যবস্থাপনা কমিটির বিশেষ সাধারণ সভায় অনুষ্ঠিতব্য নির্বাচন ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: এর উপ-আইনের ৪৪(১) ধারা অনুযায়ী ১২ (বার) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির মধ্যে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ সভাপতি, ০১ (এক) জন সম্পাদক, ০১ (এক) জন যুগ্ম সম্পাদক, ০১ (এক) জন কোষাধ্যক্ষ এবং ০৭ (সাত) জন সদস্য, সমিতির সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের আদেশ নং-৪৭.৬১.০০০০.০২৩.৪০.০৩৬.১৩(৫ ম খন্ড)-২৫ তারিখঃ ২৩-০২-২০২৫ খ্রি. মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ২৬-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৭ বিধি অনুযায়ী নিম্নোক্তভাবে তফসিল ঘোষণা করা হ'লঃ

## নির্বাচনী তফসিল-২০২৫

| ক্র: নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | মনোনয়নপত্র বিতরণ | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ০৪-০৩-২০২৫ মঙ্গলবার ০৫-০৩-২০২৫ বুধবার | দুপুর ০১:৩০ টা হতে বিকাল ০৫:০০ টা |
| ০২. | মনোনয়নপত্র দাখিল | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ১০-০৩-২০২৫ সোমবার ১১-০৩-২০২৫ মঙ্গলবার | দুপুর ০১:৩০ টা হতে বিকাল ০৫:০০ টা |
| ০৩. | মনোনয়নপত্র বাছাই (প্রার্থীদের সম্মুখে যদি কেহ উপস্থিত থাকেন) | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ১২-০৩-২০২৫ বুধবার | দুপুর ১২.৩০ হইতে |
| ০৪. | বৈধ মনোনয়নপত্র ও বাতিলকৃত মনোনয়নপত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ১৩-০৩-২০২৫ বৃহস্পতিবার | দুপুর ১২.৩০ টা |
| ০৫. | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্ত বৈধ ও বাতিলকৃত মনোনয়নপত্রের বিষয়ে কোন প্রার্থীর আপত্তি থাকলে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এর নিকট সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৯ বিধি মতে আপীল আবেদন দাখিল। | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, সমবায় ভবন, আগারগাঁও, সিভিক সেক্টর, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | ১৬-০৩-২০২৫ রবিবার ও ১৭-০৩-২০২৫ সোমবার | অফিস চলাকালীন সময়ে |
| ০৬. | আপীলের শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান (সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৯(২) বিধি মতে)। | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, সমবায় ভবন, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | ১৮-০৩-২০২৫, ১৯-০৩-২০২৫ ও ২০-০৩-২০২৫ মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার | নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় কর্তৃক নির্ধারিত সময়ে |

| ক্র: নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০৭. | আপিলের রায় ঘোষণা | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, সমবায় ভবন, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | ২০-০৩-২০২৫ বৃহস্পতিবার | আপীল শুনানী শেষে |
| ০৮. | বৈধ ও বাতিলকৃত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ২০-০৩-২০২৫ বৃহস্পতিবার | আপীল শুনানী ও রায় প্রদান শেষে |
| ০৯. | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের প্রেক্ষিতে) | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ২২-০৩-২০২৫ শনিবার | দুপুর ১২.৩০ টা হতে বেলা ৪.৩০ টা |
| ১০. | প্রার্থীদের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ২৩-০৩-২০২৫ রবিবার | দুপুর ১২.৩০ টা |
| ১১. | প্রতিদ্বন্দ্বি বৈধ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দসহ তালিকা প্রকাশ | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ২৪-০৩-২০২৫ সোমবার | দুপুর ১২.৩০ টা |
| ১২. | ভোট গ্রহণ | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ০৭-০৪-২০২৫ সোমবার | সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০টা ( বিরতিহীনভাবে ) |
| ১৩. | ভোট গণনা ও নির্বাচনের ফলাফল ঘোষণা | ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: সাহারা সেন্টার (লেভেল-০৭), ৩৭/এ, কাকরাইল, ভি আই পি রোড, ঢাকা-১০০০। | ০৭-০৪-২০২৫ সোমবার | ভোট গণনা শেষে |

## নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ ঃ-

| পদের নাম | প্রতীক |
|---|---|
| **সভাপতি** | মাছ, চেয়ার, ছাতা, গোলাপফুল, কবুতর, হাঁস, হাতি ও বাঘ। |
| **সহ-সভাপতি** | আনারস, ফুটবল, মোরগ, কলস, বই, টিউবওয়েল, ল্যাপটপ ও দেয়ালঘড়ি। |
| **সম্পাদক** | রিক্সা, মোমবাতি, দোয়াত কলম, চাকা, মই, আম ও জাহাজ। |
| **যুগ্ম সম্পাদক** | তালাচাবি, ঘুড়ি, কাঁঠাল, সেলাই মেশিন, শাপলা ও জগ। |
| **কোষাধ্যক্ষ** | টুপি, উড়োজাহাজ, চশমা, তবলা, রেডিও, ঠেলাগাড়ী ও ফুলের টব। |
| **ব্যবস্থাপনা কমিটির সদস্য (০৭) জন** | কুড়েঘর, মটরসাইকেল, উট, লাটিম, বাইসাইকেল, প্রজাপতি, ময়ুর, গরুরগাড়ী, ঘোড়া, কম্পিউটার, তাল, হাতুড়ি, কাপপিরিচ, ডাব, কলা ও তরবারী । |

উল্লেখ্য, প্রতীকের তুলনায় প্রার্থীদের সংখ্যা বেশি হলে নির্বাচন কমিটি নতুন প্রতীক বরাদ্দ করতে পারবেন।

## নির্বাচনে প্রার্থী ও ভোটারদের জ্ঞাতব্য বিষয়াদি ঃ

১. ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: এর নির্বাচনে প্রার্থী হতে ইচ্ছুক সদস্য যে পদের জন্য প্রার্থী হতে চান সেই পদ উল্লেখপূর্বক প্রার্থী নিজে (**আবেদন এর মাধ্যমে**) অথবা তাঁর কর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট হতে তফসিলে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে। মনোনয়নপত্র সংগ্রহের আবেদনের সাথে মনোনয়নপত্র ক্রয়ের মূল রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

২. ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: এর ব্যবস্থাপনা কমিটির ০৪.০২.২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক মনোনয়ন পত্রের মূল্য (অফেরতযোগ্য) নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হয়েছেঃ

(ক) সভাপতির পদের জন্যঃ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা।

(খ) সহ সভাপতির পদের জন্যঃ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

(গ) সম্পাদক পদের জন্যঃ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা।

(ঘ) যুগ্ম সম্পাদক পদের জন্যঃ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা।

(ঙ) কোষাধ্যক্ষ পদের জন্যঃ ২২,০০০/-(বাইশ হাজার) টাকা।

(চ) সদস্য পদের জন্যঃ ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

সংশ্লিষ্ট পদের নির্ধারিত ফরমের মূল্য প্রদানপূর্বক আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং মনোনয়নপত্র জমাদানের সময় মনোনয়নপত্র সংগ্রহের জমাকৃত মূল রশিদ সংযুক্ত করতে হবে।

৩. নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতিত অন্য কোন প্রকারের মনোনয়নপত্র বা তার ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

৪. নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থী সমিতিতে ঋণ খেলাপী/জামিনদার খেলাপী হলে মনোনয়ন পত্র জমা দানের পূর্বে তা পরিশোধ করে প্রমাণকসহ মনোনয়ন পত্র জমা দিতে হবে।

৫. প্রার্থী যদি আলোচ্য সমিতি ছাড়াও অন্য কোন সমবায় সমিতির সদস্য হয়ে থাকেন তবে উক্ত সমবায় সমিতির নাম, উক্ত সমিতিতে প্রার্থী সদস্য নম্বর এবং উক্ত সমবায় সমিতিতে প্রার্থীর সকল পাওনা পরিশোধের হালনাগাদ প্রমাণকের অনুলিপি মনোনয়ন পত্রের সঙ্গে জমা দিতে হবে। এ ক্ষেত্রে প্রার্থী কর্তৃক কোনরূপ তথ্য গোপন করা হলে তার দায়ভার প্রার্থীকেই বহন করতে হবে।

৬. মনোনয়নপত্রে শুধুমাত্র একটি প্রতীক দাবী করা যাবে।

৭. প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

৮. মনোনয়নপত্রের সাথে নিম্নবর্ণিত রেকর্ডপত্র সংযুক্ত থাকতে হবেঃ

(ক) প্রার্থীর তিন কপি পাসপোর্ট সাইজের ছবি;

(খ) প্রার্থীর জাতীয় পরিচয় পত্রের (NID) সত্যায়িত ফটোকপি/ জন্মনিবন্ধন সনদ;

(গ) মনোনয়নপত্র ক্রয়ের মূল রশিদ;

(ঘ) সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত,২০২০) এর ৮৮(৩) বিধি মোতাবেক দেনা পাওনা নাই মর্মে সমিতি কর্তৃক প্রত্যয়ন পত্রের মূল কপি;

(ঙ) সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯ (১) ধারা অনুযায়ী প্রার্থীর যোগ্যতার বিষয়ে সুস্পষ্ট মতামত উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সমিতি কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র;

(চ) নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন পত্রের ফরম যথাযথভাবে পূরণ করতঃ ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং মেট্রোঃ থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা/জেলা সমবায় অফিসার ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৯. নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণকে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

১০. মনোনয়নপত্র প্রত্যাহার করতে হলে প্রার্থী নিজে অথবা প্রার্থী কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন কমিটি বরাবর আবেদন করতে হবে-
(আবেদনে প্রার্থীর এবং ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে)।

১১. অসম্পূর্ণ, ঘষা-মাজা, ফ্লুইড দেওয়া, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত,২০২০) মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র নির্বাচন কমিটি বাতিল করতে পারবেন।

১২. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) যথাক্রমে ধারা ও বিধি মোতাবেক এবং সংশ্লিষ্ট সমিতির উপআইন অনুসরণ করে নির্বাচন কার্যক্রম পরিচালিত হবে।

১৩. নির্বাচন সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যাবে। (মোবাইল নম্বর-০১৭২৫-৬৭৪৪০০)

**১৪.** ভোটার তালিকা ও ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি/সমিতির সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।

**১৫. মনোনয়নপত্র সহ মনোনয়নপত্রের সাথে দাখিলকৃত সকল রেকর্ডপত্র সত্যায়নকারী/প্রতিস্বাক্ষরকারীর নাম, পদবী, মোবাইল নম্বরসহ অফিসিয়াল সীল অবশ্যই থাকতে হবে।**

১৬. **ভোটকেন্দ্রের ভিতর কোন প্রার্থী বা ভোটার মোবাইল, ক্যামেরা ও অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করতে পারবেন না।**

১৭. প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রের সঙ্গে দেয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৮(২) বিধি মোতাবেক যেকোন উপযুক্ত পদ্ধতি গ্রহণ করতে পারবে।

১৮. নির্বাচনের ক্ষেত্রে এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ৩৪(৩) বিধি অনুযায়ী নির্বাচনী ফলাফল ঘোষণায় নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৬/০২/২৫
**(মোঃ নাজমুল হক)**
সদস্য
নির্বাচন কমিটি/২০২৫
ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:
ও
সরেজমিনে তদন্তকারী, সমবায় অধিদপ্তর, ঢাকা।

২৬/০২/২০২৫
**(সোলাইমান বেগ)**
সদস্য
নির্বাচন কমিটি/২০২৫
ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:
ও
উপনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।

২৬/০২/২৫
**(রিক্তা দত্ত)**
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৫
ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:
ও
যুগ্মনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং ঃ ০৬ | তারিখ: ২৬-০২-২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: উপ নিবন্ধক (মার্কেট), সমবায় অধিদপ্তর, ঢাকা]।
২. চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৩. অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/ময়মনসিংহ।
৫. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৬. বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/ময়মনসিংহ (তাঁর বিভাগের আওতাধীন সকল জেলা/মেট্রো/ উপজেলা সমবায় কার্যালয়ে বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল)।
৭. উপ পুলিশ কমিশনার, রমনা জোন, ডিএমপি, ঢাকা।
৮. উপনিবন্ধক (এম আই এস), সমবায় অধিদপ্তর, ঢাকা। (তাঁকে সমবায় অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. জেলা সমবায় অফিসার, ঢাকা। (নির্বাচনে প্রার্থীর মনোনয়ন পত্র ও উপরে বর্ণিত জ্ঞাতব্য বিষয়াদি যথাযথভাবে অনুসরণপূর্বক নির্বাচনী কাগজপত্র প্রতিস্বাক্ষর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হ'ল । একই সাথে বিষয়টি তাঁর আওতাধীন উপজেলা সমবায় অফিসারকে অবহিত করার জন্য বলা হ'ল)।
১০. মেট্রোঃ থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা। (তাঁকে নির্বাচনে প্রার্থীর মনোনয়ন পত্র ও উপরে বর্ণিত জ্ঞাতব্য বিষয়াদি যথাযথভাবে অনুসরণপূর্বক নির্বাচনী কাগজপত্র প্রতিস্বাক্ষর করার ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হ'ল)।
১১. সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ। (তাঁকে অত্র নির্বাচনী তফসীল ব্যাপক প্রচার (বহুল প্রচারিত জাতীয় পত্রিকায় প্রকাশসহ) ও সমিতির সদস্যসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হ'ল)।
১২. অফিসার ইনচার্জ ........................................................ পল্টন থানা, ঢাকা।
১৩. জনাব..................................................................সদস্য নং........................ ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ।
১৪. সমিতির নোটিশ বোর্ড।
১৫. সংশ্লিষ্ট নথি।

২৬/০২/২৫
রিক্তা দত্ত
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৫
ডেসটিনি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি:
ও
যুগ্মনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা।